

প্রকাশের তারিখঃ ১৫/০৮/২০২২

স্থানঃ বিএসএমআরএইউ, ঢাকা ক্যাম্পাস


Contact; Chief PRI&P

Cell: 01769995062

Email: pripsectionbsmraau@gmail.com

বিএসএমআরএইউ এ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয় (বিএসএমআরএইউ)’- স্বাধীন বাংলার স্থপতি ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণকৃত দেশের সর্বপ্রথম অ্যাভিয়েশন সম্পর্কিত একমাত্র পাবলিক বিশ্ববিদ্যালয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ১৫ আগস্ট ২০২২ তারিখে অত্র বিশ্ববিদ্যালয়ের ঢাকা ক্যাম্পাস এবং লালমনিরহাট ক্যাম্পাসে একযোগে যথাযোগ্য মর্যাদায় পালিত হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এয়ার ভাইস মার্শাল মুহাম্মদ নজরুল ইসলাম প্রধান অতিথি হিসেবে লালমনিরহাট ক্যাম্পাসে জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



দিবসের কর্মসূচী হিসেবে বিশ্ববিদ্যালয়ের উভয় ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা হয় এবং ১৯৭৫ সালের এ দিনে জাতির পিতা ও তাঁর পরিবারের শাহাদত বরণকারী সকল শহীদ সদস্যের রুহের মাগফেরাত ও দেশের সার্বিক মঙ্গল ও সমৃদ্ধি কামনা করে বিশেষ মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এ ছাড়াও দিবসটি উপলক্ষ্যে প্রামাণ্য চিত্র প্রদর্শন ও আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।



এ সময় উপাচার্য মহোদয় জাতির পিতার আদর্শকে ধারণ করে তাঁর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে ঐক্যবদ্ধভাবে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

অনুষ্ঠানে অত্র বিশ্ববিদ্যালয়ের সকল সামরিক ও বেসামরিক সদস্য, শিক্ষক এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।